4

ভোরের কাগজ

তারিখ 22 NOV 1998
পৃষ্ঠা 10 কলাম 4

ফটো ল্যাবরেটরি উদ্বোধন

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাস রেডিও চালু হবে অচিরেই

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী বলেছেন, খুব শিগগিরই গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের দায়িত্বে ক্যাম্পাস রেডিও চালু হবে। এ বিষয়ে সরকারের সঙ্গে আলোচনা হয়েছে বলে তিনি জানান।

গতকাল শনিবার দুপুরে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ফটো ল্যাবরেটরি উদ্বোধনকালে প্রধান অতিথির ভাষণে উপাচার্য একথা বলেন।

কলাভবনের চতুর্থ তলায় নির্মিত ফটোল্যাবরেটরির উদ্বোধন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কলা অনুষদের ডীন অধ্যাপক কাজী শহীদুল্লাহ, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক সিতারা পারভীন, বিভাগের শিক্ষক, ছাত্রছাত্রী, অফিসার ও কর্মচারীবৃন্দ।

এই ল্যাবরেটরি এম এ ক্লাসের ছাত্রছাত্রীদের ফটো জার্নালিজম কোর্সের প্রায়োগিক দিক শেখানোর জন্য ব্যবহৃত হবে। উল্লেখ্য, বর্তমানে চালু আরো দুটো কোর্স- ডেস্কটপ পাবলিশিং ও ভিডিও কমিউনিকেশন-এর জন্য কলাভবনের পাঁচতলায় নতুন মিডিয়া সেন্টার নির্মিত হচ্ছে। বিজ্ঞপ্তি।